**বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)**
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০।
www.bac.gov.bd

স্মারক নং. ৩৭.২৮.০০০০.১০৩.৪০.০০১.২২-৭৬৬(১)

তারিখ: ২৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**সভার নোটিশ**

সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩-এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বাস্তবায়ন কর্মপরিকল্পনা [১.৩] নং অনুচ্ছেদ অনুসারে আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় কাউন্সিলের সম্মেলন কক্ষে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে একটি সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

ক) কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) কার্যক্রম বিষয়ে আলোচনা;
খ) কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে অংশীজনদের মতামত গ্রহণ;
গ) বিবিধ।

১২.২.২৩

(গৌতম চন্দ্র রায়)
পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি) ও
সভাপতি (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-৪. পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৫. সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৬. প্রফেসর পারভেজ আক্তার (সংযুক্ত), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৭. নির্বাচিত দপ্তর ও সংস্থার প্রতিনিধিগণ (অংশীজন)।
৮. পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
৯. উপপরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১০. উপপরিচালক (সংশ্লিষ্ট কমিটি) ও একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের দপ্তর), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১১. সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১২. ব্যক্তিগত/প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১৩. অন্যান্য কর্মচারী (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
১৪. অফিস কপি।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০।
www.bac.gov.bd

**কার্যবিবরণী**

সভা : বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩ -এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা (জানুয়ারি- মার্চ ২০২৩)
কমিটি : তৃতীয় ত্রৈমাসিক পরিবীক্ষণ কমিটি
তারিখ : ১৪/০২/২০২৩ খ্রি.
সময় : সকাল ০৯:০০ ঘটিকা
স্থান : কাউন্সিলের সম্মেলন কক্ষ
সভাপতি : প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম, সচিব ও সভাপতি (এপিএ কমিটি)
উপস্থিতি পত্র: সংযুক্ত

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩ -এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১৪/০২/২০২২ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় কাউন্সিলের সম্মেলন কক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে সভা (জানুয়ারি- মার্চ ২০২৩) অনুষ্ঠিত হয়। সভায় পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্টেকহোল্ডারগণ এবং কাউন্সিলের কর্মকর্তাগণ ও কর্মচারীরা উপস্থিত ছিলেন (উপস্থিতিপত্র: সংযুক্ত)।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১. আলোচনা:** সভাপতি সভা আয়োজনের লক্ষ্য ও উদ্দেশ্য বিষয়ে সকলকে অবহিত করেন। কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুসারে আওতাধীন দপ্তর/সংস্থার অংশীজনদের সহযোগিতা একান্ত কাম্য মর্মে তিনি উল্লেখ করেন (অনুচ্ছেদ ১.৩)। সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম স্বচ্ছতা, জবাবদিহিতা, ও দ্রুততার সাথে নিশ্চিত করার বিষয়ে সভাপতি সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। এ পর্যায়ে সভাপতি অংশীজনদের মধ্য থেকে প্রশ্ন করার অনুরোধ জানান।

অংশীজনদের মধ্য থেকে প্রশ্ন করেন, Mr. Shimul Chandra Sarker, Asst. Professor, Department of Agronomy, Shere Bangla Agricultural University, Dhaka. তিনি কাউন্সিল কর্তৃক Bangladesh National Qualifications Framework (BNQF) -এর আলোকে বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) এবং বিভিন্ন ডিসিপ্লিনের শিক্ষকদের যেসকল প্রশিক্ষণ দেয়া হচ্ছে, সেগুলো বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাদের প্রদান করা যায় কিনা সে বিষয়ে জানতে চান। BNQF বিষয়টি বাংলাদেশের উচ্চ শিক্ষার ক্ষেত্রে নতুন এবং বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ে এ বিষয়ে জ্ঞান ও দক্ষতা অর্জন প্রয়োজন মর্মে উপস্থিত সকল অংশীজন একমত প্রকাশ করেন। এছাড়া BNQF Framework বাংলা ও ইংরেজি উভয় ভাষায় থাকা প্রয়োজন মর্মে উপস্থিত সকল অংশীজন অভিমত ব্যক্ত করেন।

সভাপতি সভাকে অবহিত করেন যে, BNQF Framework বাংলা ও ইংরেজি উভয় ভাষায় থাকার প্রয়োজনীয়তা বিষয়ে কাউন্সিলের অ্যাক্রেডিটেশন এবং কিউএ এন্ড এনকিউএফ বিভাগ কে অনুরোধ জানানো হবে। তিনি সভাকে আরও জানান যে, BNQF বিষয়ে বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) নিজ নিজ বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করার কথা। কেনান কাউন্সিলের দায়িত্ব হচ্ছে বিশ্ববিদ্যালয়ের IQAC এবং শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া। কাউন্সিলের স্বল্প জনবল দিয়ে এ মুহূর্তে সকলের প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা সম্ভব নয়। তবুও এ বিষয়ে কাউন্সিলের অ্যাক্রেডিটেশন এবং কিউএ এন্ড এনকিউএফ বিভাগের সাথে আলোচনা করা হবে মর্মে তিনি সভা কে অবহিত করেন।

অংশীজনদের মধ্য থেকে আরও প্রশ্ন করেন, Mr. Golam Shahriar, Associate Professor, Department of Business Administration, BGC Trust University, Bangladesh. কাউন্সিলের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) এবং বিভিন্ন ডিসিপ্লিনের শিক্ষকদের যেসকল প্রশিক্ষণ দেয়া হচ্ছে সেগুলোর প্রশিক্ষণ ম্যাটেরিয়ালস সফট্ কপি অথবা হ্যান্ড আউট প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে প্রশিক্ষণার্থীদের সরবরাহ করলে প্রশিক্ষণার্থীগণ পূর্বেই Home Study বা অনুশীলন করে আসতে পারেন। এছাড়াও তিনি Training Manual প্রকাশ করার অনুরোধ জানালে সকল অংশীজন একমত প্রকাশ করেন। Training Manual থাকলে প্রশিক্ষণ গ্রহনকারী শিক্ষকগণ নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের Department গুলোতে নবীন শিক্ষকদের অবহিত করতে পারবেন। এ বিষয়ে কাউন্সিলের অ্যাক্রেডিটেশন এবং কিউএ এন্ড এনকিউএফ বিভাগের পরিচালকবৃন্দ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভা কে অবহিত করা হয়।

সভায় অংশগ্রহণকারী অংশীজনগণ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ওয়েব-সাইটে অ্যাক্রেডিটেশন এবং কিউএ এন্ড এনকিউএফ বিভাগের আওতায় Frequently Asked Question (FAQ) বা Commonly Asked Question (CAQ) ব্যবস্থা রাখার অনুরোধ জানান। এ বিষয়ে কাউন্সিলের অ্যাক্রেডিটেশন এবং কিউএ এন্ড এনকিউএফ বিভাগের পরিচালকবৃন্দ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভা কে অবহিত করা হয়।

পরিশেষে অংশীজনগণ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের প্রশিক্ষণ এবং সেবা ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং কাউন্সিল কে ধন্যবাদ জানান।

**২. সিদ্ধান্ত:** অংশীজনগণের আলোচনা ও পরামর্শের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) -এর আওতায় কাউন্সিলের সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০২/২০২০

(প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম)
সচিব ও
সভাপতি (এপিএ কমিটি)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
ফোন : +৮৮ ০১৩২১১৪৯৯৯৮
ই-মেইল: monirul.shagor@gmail.com



## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ক সভা

## (জানুয়ারি-মার্চ, ২০২৩)

তারিখ ও সময়ঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২৩ মঙ্গলবার, সকাল ০৯:০০ ঘটিকা

স্থানঃ কনফারেন্স রুম, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল



